

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
পাংশা, রাজবাড়ী।

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।


সভার তারিখ : ১০/০৯/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সদস্য সচিব কে পাংশা উপজেলার মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাংশা প্রতিবেদনের মাধ্যমে জানান যে, উচ্চ মাধ্যমিক পর্যায়ের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি প্রাপ্তির আবেদন ফরম পূরণ এবং স্কুল ও মাদ্রাসার ইএমআইএস ফরম অনলাইনে পূরণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের তথ্য সংগ্রহকরণ, বিদ্যালয় ও মাদ্রাসার পাঠ্যভাষ্য উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন কাজ চলছে। তাছাড়া আগামী ০৯-০৯-২০২১ খ্রিঃ তারিখ হতে ২০২১ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা পাংশা ডিগ্রি কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে নভেম্বর থেকে শুরু বিষয় উক্ত পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন এবং পাংশা উপজেলায় ৪ টি ভেন্যুতে গ্রীষ্মকালীন খেলাধুলা শুরু হবে। তাছাড়া ২০২১-২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি থেকে মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার মান উন্নয়নের জন্য ক্রীড়া সামগ্রি ক্রয় করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।	১। মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে বিতরণকৃত পাঠ্যপুস্তকের আলোকে সকল বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। ২। মাদ্রাসা শিক্ষা কার্যক্রম / ইবতেদায়ী /কওমী মাদ্রাসা সমূহ ব্যাপক মনিটরিং-পরিদর্শন করতে হবে। ৩। নিয়মিত মাস্টিমেডিয়া ক্লাশরুম মনিটরিং, মেনটরিং অব্যাহত রাখতে হবে। ৪। বাল্য বিবাহ রোধে প্রত্যেক স্কুলে আলোচনা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জালাল উদ্দিন বিশ্বাস)

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাংশা।
তারিখঃ ১০/০৯/২০২১

স্মারক নং- মাধ্যমিক শিক্ষা/পাংশা/ ২০২১- ৬২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। পুলিশ সুপার, রাজবাড়ী।
- ৩। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, কালুখালী, রাজবাড়ী।


উপজেলার মাধ্যমিক শিক্ষক অফিসার
পাংশা, রাজবাড়ী।
তারিখঃ ১০/০৯/২০২১